

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৬, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪২৮/০৩ জুন ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-২৮২।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী বিগত ০১ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-২৫৫ মূলে স্থগিতকৃত ৬ষ্ঠ ধাপে ১১টি পৌরসভার (দেবিগঞ্জ, সেতাবগঞ্জ, নওয়াপাড়া, ঝালকাঠি, ভাঙ্গা, নাজুলকোট, সোনাগাজী, কবিরহাট, বোয়ালখালী, মহেশখালী, চকরিয়া) মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে (ইতঃমধ্যে বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত পদ ব্যতীত) ইভিএম এর মাধ্যমে নির্বাচন যে পর্যায় হতে স্থগিত করা হয়েছিল, সে পর্যায় হতে নিম্নলিখিত তারিখে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক ভোটগ্রহণ সম্পন্নের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

(ক)	ভোটগ্রহণের তারিখ	:	০৭ আষাঢ় ১৪২৮	(সোমবার)
			২১ জুন ২০২১	
ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত				

০২। সেই সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং -১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-২১৩, তারিখ: ০৭ মার্চ ২০২১ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-২১৪, তারিখ: ০৭ মার্চ ২০২১ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল রাখারও সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৫৯৭)

মূল্য : টাকা ৪.০০